গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
১৪, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি
কাকরাইল, ঢাকা-১০০০।

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র।

স্মারক নং-৪৬.০৩.০০০০.০০১.১১.৩৫৪(অংশ-২).১৬- ৬৬৮৫ তারিখ - ২৭/১১/২০১৯ খ্রিঃ

# প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারী কর্মকমিশনের ০৯/১২/২০১৮ তারিখের ৮০.০০.০০০০.৩০১.(গোপনীয়).১১.২২১৯.১৭-২৩২ নং স্মারকের সুপারিশ এবং স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.০০.০০০০.০৮৩.১১.০০২.১৮-১১৮৭ তারিখ-২৬/১১/২০১৯ মাধ্যমে নিয়োগের জন্য সম্মতি প্রদানকৃত ০২ (দুই) জন প্রার্থী ডাক্তারি পরীক্ষায় যোগ্য বিবেচিত হওয়ায় এবং পুলিশ প্রত্যায়ন বিবরণীতে তার বিরুদ্ধে কোন বিরুপ তথ্য না পাওয়ায় তাকে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের রাজস্বখাতভূক্ত **"উপ-সহকারী প্রকৌশলী"** পদে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১০ম গ্রেডে, ১৬,০০০-৩৮,৬৪০/- টাকার বেতনক্রমে এবং বিধি মোতাবেক অন্যান্য ভাতাদিসহ নিম্নবর্ণিত শর্তে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো।

| ক্রঃ নং | পিএসসির মেধাক্রম | প্রার্থীর নাম, পিতার নাম, মাতার নাম ও পিএসসির রেজিঃ নম্বর | স্থায়ী ঠিকানা | বর্তমান ঠিকানা |
|---|---|---|---|---|
| ১. | ১৮ | জনাব মোঃ হাসান আলী<br>পিতা ঃ মোঃ আল-মামুন<br>মাতা ঃ মোছাঃ মনোয়ারা বেগম<br>রেজিঃ নম্বর ঃ ৭০০০৩০ | গ্রাম/মহল্লা ঃ রানীপুর, বাঙ্গালপাড়া<br>ডাকঘর ঃ রানীরবন্দর<br>উপজেলাঃ চিরিরবন্দর<br>জেলা ঃ দিনাজপুর | গ্রাম/মহল্লা ঃ রানীপুর, বাঙ্গালপাড়া<br>ডাকঘর ঃ রানীরবন্দর<br>উপজেলাঃ চিরিরবন্দর<br>জেলা ঃ দিনাজপুর |
| ২. | ৩১ | জনাব মামুনুর রশিদ<br>পিতা ঃ জরিপ আলী<br>মাতা ঃ- মাহফুজা খাতুন<br>রেজিঃ নম্বর ঃ ০০০২৫১ | গ্রাম/মহল্লা ঃ নিয়ামত বাড়ী<br>ডাকঘর ঃ কুশলী বাসা<br>উপজেলাঃ কুমারখালী<br>জেলা ঃ কুষ্টিয়া | গ্রাম/মহল্লা ঃ নিয়ামত বাড়ী<br>ডাকঘর ঃ কুশলী বাসা<br>উপজেলাঃ কুমারখালী<br>জেলা ঃ কুষ্টিয়া |

## নিয়োগের শর্তাবলী ঃ

(ক) এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী. এবং যে কোন কারণ দর্শানো ব্যাতিরেকে অথবা বিনা নোটিশে তাকে চাকুরী হতে অব্যাহতি দেয়া যাবে।

(খ) তাকে ২(দুই) বৎসর শিক্ষানবিস হিসেবে থাকতে হবে। তবে নিয়োগকারী কর্তৃপক্ষ তার শিক্ষানবিসকাল আরও ২(দুই) বৎসর বৃদ্ধি করতে পারবে। শিক্ষানবিসকাল সন্তোষজনকভাবে সমাপন এবং উক্ত সময়ে তার আচরণ ও কর্ম সন্তোষজনক হলে চাকুরীতে স্থায়ী করণের বিষয়ে বিবেচনা করা হবে। শিক্ষানবিসকালে যদি কেউ চাকুরীতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারী কর্মকমিশনের পরামর্শ ব্যাতিরেকে তাকে চাকুরী হতে অব্যাহতি দেয়া যাবে।

(গ) চাকুরীতে যোগদান করার পর কোন প্রশিক্ষণে মনোনয়ন দেয়া হলে উক্ত প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে একজন জামানতদারসহ ১৫০ (একশত পঞ্চাশ) টাকা মূল্যের ননজুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে যদি তিনি শিক্ষানবিসকালে অথবা শিক্ষানবিসকাল উত্তীর্ণ হওয়ার ৩ বৎসরের মধ্যে চাকুরীতে ইস্তফা দেন তবে উক্ত সময়ের মধ্যে তাকে প্রদত্ত বেতন, প্রশিক্ষন উপলক্ষে ব্যয়িত ভ্রমণ ভাতা এবং প্রশিক্ষণে ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে বাধ্য থাকবেন।

(ঘ) যদি তিনি তার ইস্তফা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে উপ-অনুচ্ছেদ (গ) মোতাবেক সরকারের প্রাপ্য অর্থ ফেরত না দিয়ে কর্তব্যে অনুপস্থিত থাকেন তাহলে উপ-অনুচ্ছেদ (গ) অনুযায়ী তার নিকট প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারী এ্যাক্ট, ১৯১৩ (Bengal Act No. III of 1913) এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ মোতাবেক তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

(ঙ) বাংলাদেশের যে কোন স্থানে তাকে উপ-সহকারী প্রকৌশলী/সমপর্যায়ভূক্ত পদে বদলী করা হলে তিনি বদলীকৃত স্থানে চাকুরী করতে বাধ্য থাকবেন।

(চ) পারস্পরিক জ্যেষ্ঠতা কর্মকমিশন কর্তৃক নিয়োগের জন্য সুপারিশকৃত মেধা তালিকার ক্রমানুসারে নির্ধারিত হবে।

(ছ) যদি তিনি কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন অথবা অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

(জ) সাময়িকভাবে প্রত্যায়নকৃত মুক্তিযোদ্ধা সনদ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক চূড়ান্ত যাচাই বাছাইয়ে মুক্তিযোদ্ধার সঠিকতা সম্পর্কে বিরুপ কোন তথ্য পাওয়া গেলে তিনি গৃহীত সমুদয় সুবিধাদি প্রত্যর্পণ করতে বাধ্য থাকবেন।

(ঝ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে সরকারের বর্তমান প্রচলিত বিধি, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি ও বিধান দ্বারা তার চাকুরী নিয়ন্ত্রিত হবে।

(ঞ) এ নিয়োগ তার যোগদানের তারিখ হতে কার্যকর হবে।

(ট) এ চাকুরীতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাবেন না।

২। যদি উপরের শর্তাবলী তার নিকট গ্রহণযোগ্য হয় তাহলে আগামী ১৮ ডিসেম্বর, ২০১৯ তারিখের মধ্যে তাকে প্রধান প্রকৌশলীর কার্যালয়, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ১৪, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণী কাকরাইল, ঢাকা এ ঠিকানায় যোগদান করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে যোগদান না করলে চাকুরীতে যোগদান করতে তিনি সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং এ নিয়োগ পত্র বাতিল বলে গণ্য হবে।

৩। জনস্বার্থে এ আদেশ জারী করা হলো।

(মোঃ সাইফুর রহমান)
প্রধান প্রকৌশলী

D:\Documents\DPHE-16\Sabbir\Appoint of SAE .doc

প্রাপক ঃ জনাব...............................
..........................................
.........................................
.........................................

স্মারক নং-৪৬.২০৩.০০০০.০০১.১১.৩৫৪(অংশ-২).১৬- ৩৬৮৫/১ তারিখ - ২৭/১১/২০১৯ খ্রিঃ

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সরকার, ঢাকা।

(মোঃ সাইফুর রহমান)
প্রধান প্রকৌশলী

স্মারক নং-৪৬.২০৩.০০০০.০০১.১১.৩৫৪(অংশ-২).১৬- ৩৬৮৫/২(৩) তারিখ - ২৭/১১/২০১৯ খ্রিঃ

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা

২। প্রোগ্রামার, এম,আই,এস ইউনিট, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পরিকল্পনা সার্কেল, ঢাকা।

(মোঃ সাইফুর রহমান)
প্রধান প্রকৌশলী